

বাংলাদেশের আইনমন্ত্রী সিডনিতে



বাংলাদেশ সরকারের আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ ১২ এপ্রিল, সোমবার বিকাল ৪.৩০ মিনিটে সিঙ্গাপুর এয়ারলাইন্সযোগে সিডনি এসে পৌঁছেছেন। বিমানবন্দরে মান্যবর হাইকমিশনার লেফটেন্যান্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী, আওয়ামীলীগ অস্ট্রেলিয়া শাখার সভাপতি ব্যারিস্টার সিরাজুল হক ও সাধারণ সম্পাদক পি এস চুন্নু তাঁকে বিমান বন্দরে ফুলের তৌড়া দিয়ে স্বাগত জানান। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া শাখার যুগ্ম সাধারণ সম্পাদক গিয়াস উদ্দিন মোল্লা, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী শিকদার, দপ্তর সম্পাদক আব্দুল বারেক খাঁন, প্রচার সম্পাদক লিয়াকত আলী লিটন, কার্যনির্বাহী সদস্য হারুন অর রশিদ, আব্দুল মতিন, সাদেকুর রহমান ও ফরিদ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য মাননীয় আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ চারদিনের এক সরকারী সফরে অস্ট্রেলিয়া এসেছেন।

